



নিয়োগ বিজ্ঞপ্তি

পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে তিন দশকেরও বেশি সময় ধরে সুনামের সাথে কাজ করে আসছে। সংস্থার People's Academy for Role Transfer (PART) (ট্রেনিং সেন্টার) এর জন্য নিম্নলিখিত পদে কাজ করতে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম: সাপোর্ট স্টাফ

দায়িত্ব ও কর্তব্য:

- অফিসের সকল ব্যবহারযোগ্য সামগ্রীর রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করা;
- প্রশিক্ষণ কেন্দ্রের পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করা;
- প্রশিক্ষণ কেন্দ্রে আগত অতিথিদের সার্বিক সেবা প্রদান;
- প্রশিক্ষণ চলাকালে প্রশিক্ষণার্থীদের খাবার পরিবেশন করা;
- ফটোকপি, স্ক্যানিং প্রিন্টিং ইত্যাদি কাজ করা;
- এছাড়াও প্রতিষ্ঠানের প্রয়োজন সাপেক্ষে অন্যান্য কাজ সঠিকভাবে পালন করা।

শিক্ষাগত যোগ্যতা: এইচ.এস.সি / সমমান পাস।

বেতন: সর্বসাকুল্যে ১২,৬০০/-

অন্যান্য সুবিধাবলী:

- বাৎসরিক ইনক্রিমেন্ট
- ২টি উৎসব ভাতা
- বৈশাখী ভাতা
- এছাড়াও সংস্থার নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা।

অভিজ্ঞতা: প্রয়োজন নাই, তবে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

কর্মস্থল: সদর উপজেলা, কিশোরগঞ্জ।

আগ্রহী প্রার্থীদেরকে পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র, শিক্ষা সনদ, ২ কপি সদ্য তোলা রঙিন ছবি ও এলাকার দুইজন গণ্যমান্য ব্যক্তির নাম, ঠিকানা, মোবাইল নম্বরসহ আবেদনপত্র আগামী ৩০/০৬/২০২৬ তারিখের মধ্যে মানবসম্পদ ও প্রশিক্ষণ বিভাগ, পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, বুক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ইমেইলেও আবেদন করা যাবে। ইমেইল: hr@popibd.org. খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।

বিঃদ্র: পূর্বে যারা এই পদে আবেদন করেছিলেন তাদেরকে পুনরায় আবেদন না করার জন্য অনুরোধ করা হচ্ছে।

"নারী-শিশু নির্যাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দণ্ডনীয় অপরাধ"।

website: www.popibd.org